

## ত্রী আল-আহকাফ | Al-Ahqaf | الْأَحْقَاف

আয়াতঃ ৪৬ : ২৫

## 💵 আরবি মূল আয়াত:

تُدَمِّرُ كُلَّ شَيءٍ بِاَمرِ رَبِّهَا فَاصبَحُوا لَا يُرى اِلَّا مَسٰكِنُهُم اَ كَذٰلِكَ نَجزِى اللهُ مُسْكِنُهُم المُجرِمِينَ ﴿٢٥﴾ القَومَ المُجرِمِينَ ﴿٢٥﴾

## 

এটা তার রবের নির্দেশে সব কিছু ধ্বংস করে দেবে'। ফলে তারা এমন (ধ্বংস) হয়ে গেল যে, তাদের আবাসস্থল ছাড়া আর কিছুই দেখা যাচ্ছিল না। এভাবেই আমি অপরাধী কওমকে প্রতিফল দিয়ে থাকি। — আল-বায়ান ওটা তার প্রতিপালকের নির্দেশে সবকিছু ধ্বংস করে দেবে। অবস্থা এই দাঁড়াল যে, তাদের (ধ্বংসপ্রাপ্ত) বসতিগুলো ছাড়া আর কিছু দেখা যাচ্ছিল না। অপরাধী জাতিকে আমি এভাবেই প্রতিফল দিয়ে থাকি। — তাইসিরুল আল্লাহর নির্দেশে এটা সব কিছুকে ধ্বংস করে দিবে। অতঃপর তাদের পরিণাম এই হল যে, তাদের বসতিগুলি ছাড়া আর কিছুই রইলনা। এভাবে আমি অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দিয়ে থাকি। — মুজিবুর রহমান

Destroying everything by command of its Lord. And they became so that nothing was seen [of them] except their dwellings. Thus do We recompense the criminal people. — Sahih International

২৫. এটা তার রবের নির্দেশে সব কিছুকে ধ্বংস করে দেবে। অতঃপর তাদের পরিণাম এ হল যে, তাদের বসতিগুলো ছাড়া আর কিছুই দেখা গেল না। এভাবে আমরা অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দিয়ে থাকি।

তাফসীরে জাকারিয়া

- (২৫) যা তার প্রতিপালকের নির্দেশে সবকিছুকে ধ্বংস করে দেবে।' অতঃপর তাদের পরিণাম এই হল যে, তাদের বাসগৃহগুলো ছাড়া আর কিছুই দৃশ্যমান রইল না।[1] এভাবে আমি অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দিয়ে থাকি।
  - [1] অর্থাৎ গৃহবাসী সকলে ধ্বংস হয়ে গেল। কেবল গৃহগুলো উপদেশ গ্রহণের চিহ্ন হিসাবে পড়ে থাকল।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4535

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন